দৈনিক ইনকিলাব

033

তারিখ 26 JAN 1988
পৃষ্ঠা ... ৮ ... কলাম ৩ ...

# শিক্ষাঙ্গন

## ব্যবহারিক শিক্ষা

শিক্ষা মানব জীবনের অপরিহার্য বিষয়গুলোর মধ্যে অন্যতম একটি। কিন্তু এ অপরিহার্য বিষয়টিকেই ক্ষেত্র বিশেষে অনেকে অবহেলা করছে। ছোট বড় সকল প্রকৃত শিক্ষার মূল্য সর্বক্ষেত্রেই সমান। তাই, এ অবহেলা সত্যই দুঃখজনক।

আমাদের প্রচলিত শিক্ষা ব্যবস্থায় কিছু বিশেষ বিষয়ের জন্য - তাত্ত্বিক ও ব্যবহারিক শিক্ষা রয়েছে। এ দু'টো শিক্ষাই পরস্পরের সাথে ওতপ্রোতভাবে জড়িত। জ্ঞানার্জনে তাত্ত্বিক শিক্ষার যেমন গুরুত্ব রয়েছে, তেমনি তাত্ত্বিক শিক্ষার ভিত্তিকে শক্ত করতে রয়েছে ব্যবহারিক শিক্ষার প্রয়োজন। উদাহরণস্বরূপ বলা যেতে পারে, বিজ্ঞানের মতো একটি বিষয়ে যদি ব্যবহারিক শিক্ষা না দেয়া হয়, তবে বিজ্ঞান শিক্ষাই অপূর্ণ রয়ে যায়। বর্তমান পাঠ্যসূচীর অন্তর্ভুক্ত ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণীর বিজ্ঞান বইয়ের প্রতিটি অধ্যায়েই 'এসো নিজে করি' দিয়ে পূর্ণ।

এই 'এসো নিজেকে নিজে করি'র অর্থ হলো উক্ত অধ্যায়ের বিষয়-বস্তুগুলো ব্যবহারিক শিক্ষার মাধ্যমে গ্রহণ। কিন্তু বাস্তব ক্ষেত্রে দেখা যায়, অধিকাংশ স্কুলেই উক্ত কয়েকটি শ্রেণীতে ব্যবহারিক শিক্ষার কোন ব্যবস্থাই নেই। ফলে ছাত্র-ছাত্রীরা অস্বপূর্ণ শিক্ষা নিয়ে উপরের ক্লাসে ওঠে এবং আশানুরূপ ফলাফল করে না।

অনুরূপভাবে নবম ও দশম শ্রেণীর ব্যবহারিক ক্লাসগুলো প্রয়োজন মতো না করানোর ফলশ্রুতিতে উচ্চ মাধ্যমিক শিক্ষা স্তরে প্রবেশ করে ছাত্র-ছাত্রীরা ব্যবহারিক ক্লাসে প্রতিকূলতার সম্মুখীন হয়। বর্তমানে অনেক বিদ্যালয়ই ১৯৮৬-৮৭ শিক্ষা বর্ষের ব্যবহারিক শিক্ষার পাঠ্যক্রম শেষ করেনি।

কিন্তু এ অসম্পূর্ণ শিক্ষার জন্য যে পরিণাম কতটুকু সুদূরপ্রসারিত তা যে কোন ছাত্র- ছাত্রীই পরবর্তী শিক্ষা জীবনে মর্মে মর্মে উপলব্ধি করে। লক্ষ্য করলে দেখা যাবে, অনেক স্কুলই নির্বাচনী পরীক্ষার পর তাদের ছাত্র-ছাত্রীদের ব্যবহারিক ক্লাস নেয়। কিন্তু একজন এস, এস, সি পরীক্ষার্থীর জন্য ঐ সময় ব্যবহারিক ক্লাস করা কতটুকু লাভজনক? বিশেষ করে যখন এ সময়টুকু তাদের আগামী পরীক্ষার প্রস্তুতি সময়।

আবার অনেক সময় অনেক স্কুল সীমিত সময়ে নামেমাত্র ব্যবহারিক ক্লাস করেই এর সমাপ্তি টানছে। তাহলে এখানে প্রশ্ন থেকে যায় যে, ছাত্র-ছাত্রীরা এ সীমিত সময়ে কতটুকু শিক্ষাই বা অর্জন করল, আর কিভাবে তারা ব্যবহারিক পরীক্ষায় উত্তীর্ণ হবে?

তাই আমাদের সকলেরই প্রকৃত শিক্ষার প্রতি মূল্য দেয়া প্রয়োজন। তা সে শিক্ষা তাত্ত্বিক আর ব্যবহারিক যে শিক্ষাই হোক, শিক্ষাকে তথা জ্ঞানার্জনকে সার্টিফিকেট প্রাপ্তির মাধ্যম হিসেবে দেখলে কারও পক্ষেই প্রকৃত শিক্ষায় শিক্ষিত হয়ে ওঠা সম্ভব নয়। তদ্রুপ ব্যবহারিক শিক্ষাকেও অবহেলা করলে শিক্ষা জীবনে ব্যর্থতা সুনিশ্চিত হয়ে উঠবে।

—মোঃ সামাউন সাজা মিশুক